

আমাদের সময়

শুক্রবার ৭ ফেব্রুয়ারি ২০২০ ॥ ২৪ মাঘ ১৪২৬

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তন

ইউনাইটেড ইন্টারন্যাশনাল
ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তন
অনুষ্ঠিত হয়েছে। এ অনুষ্ঠানে ২
হাজার ৩৫২ শিক্ষার্থীকে স্নাতক ও
স্নাতকোত্তর ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ
ফলের জন্য চারজনকে স্বর্ণপদক
দেওয়া হয়েছে।

গতকাল মাদানি অ্যাভিনিউয়ে
বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে
সভাপতির বক্তব্য দেন শিক্ষামন্ত্রী
দীপু মনি। বিশ্ববিদ্যালয়ের আচার্য ও
রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের
পক্ষে তার প্রতিনিধি হিসেবে মন্ত্রী
সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব
করেন।

শিক্ষামন্ত্রী বলেন, একুশ শতকের
চ্যালেঞ্জ মোকাবিলা ও চতুর্থ শিল্প
বিপ্লবের জন্য উপযোগী জ্ঞান,
কর্মজগতের চাহিদা অনুযায়ী
শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে যোগ্য
মানবসম্পদ হিসেবে।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন
প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক
সম্পর্কবিষয়ক উপদেষ্টা অধ্যাপক
গওহর রিজভী। বিজ্ঞপ্তি